# ECHO OF HIS CALL

# আহ্বানের প্রতিধ্বনি

BENGALI

ECHO OF HIS CALL 1969-2019 GOLDEN JUBILEE

India's National Spiritual Newspaper

₹ 10/-

Published monthly in ENGLISH, TAMIL, MALAYALAM, TELUGU, HINDI, KANNADA, MARATHI, BENGALI, GUJARATI, ODIYA, ASSAMESE, PUNJABI, NEPALI, URDU, SINHALA & AFRIKAN

Editor : S. SAM SELVA RAJ | 16 Languages | Associate Editor: Rev. Dr. ANJAN KUMAR SINGH

Vol. XXV | MARCH 2023 | No. 01


## পবিত্র বাইবেল

অনুগ্রহ করে এই অংশটি মুখস্থ করুন

প্রভুর প্রশংসা হোক

গীত ৬৬:১২-২০

১২। লোকেদের দ্বারা আমাদের মাথা তমি পিষে ফেলতে দিয়েছ;আমরা আগুন ও জলের মধ্যে দিয়ে গিয়েছি, কিন্তু তুমি আমাদের প্রাচুর্যের স্থানে নিয়ে এসেছ।

১৩। হোমবলি নিয়ে আমি তোমার মন্দিরে প্রবেশ করব আর আমার শপথ পূর্ণ করব—

১৪। আমার বিপদের কালে যে শপথ আমার ঠোঁট অঙ্গীকার করেছিল আর আমার মুখ উচ্চারণ করেছিল।

১৫। আমি তোমার উদ্দেশে হৃষ্টপুষ্ট পশুবলি দেব, আর পুরুষ মেষের নৈবেদ্য; আমি বলদ ও ছাগল উৎসর্গ করব।

১৬। তোমরা যারা ঈশ্বরকে সম্ভ্রম করো, এসো আর শোনো; তিনি আমার জন্য কী করেছেন তা আমি তোমাদের বলছি।

১৭। আমি তাঁর প্রতি কেঁদেছিলাম আর মুখ দিয়ে প্রার্থনা করেছিলাম;তাঁর প্রশংসা আমার জিভে ছিল।

১৮। যদি আমি আমার হৃদয়ে পাপ পুষে রাখতাম, সদাপ্রভু আমার প্রার্থনা গ্রাহ্য করতেন না;

১৯। কিন্তু ঈশ্বর নিশ্চয় শুনেছেন আর আমার প্রার্থনায় কর্ণপাত করেছেন।

২০। ঈশ্বরের প্রশংসা হোক, যিনি আমার প্রার্থনা অস্বীকার করেননি এবং তাঁর অবিচল প্রেম থেকে আমাকে বঞ্চিত করেননি।

# তোমাদের শোক আনন্দে রূপান্তরিত হবে!

( যোহন ১৬:২০)

( প্রধান মণ্ডলীতে পাস্টর এস. স্যাম সেলভা রাজ কতৃক প্রদত্ত বাণী)

YOUR SORROW WILL BE TURNED INTO JOY!

তোমার শোক আনন্দে পরিবর্তিত হবে! তোমার দুঃখ এবং চোখের জল দূর হবে,

পুত্রগণ এবং কন্যাগণ তোমরা হতাশ হয়ো না, আমাদের যীশু তোমাদের ত্যাগ করবেন না।

১। অতীতের চিন্তায় হতাশ হয়ো না,অতীতের বিষয়গুলি ভুলে যাও, ঈশ্বর নতুন কিছু করবেন;তুমি আজকেই তা দেখতে পাবে! হতাশ হয়ো না, আমাদের সদাপ্রভু ঈশ্বর তোমাকে পরিত্যাগ করবেন না।

২। ঈশ্বর ভগ্ন হৃদয় আরোগ্য করেন;তিনি ক্ষত সকল বন্ধন করেন, তোমার চোখের জল মুছিয়ে দেন, হতাশ হবেন না, নিরাশ হবেন না;ঈশ্বর আপনাকে পরিত্যাগ করবেন না।

৩। তিনি আপনাকে আপনার শক্তির অতিরিক্ত পরীক্ষা দেন না;তিনি আপনাকে প্রয়োজনীয় শক্তি দেন;তিনি আপনাকে আপনার পরীক্ষা থেকে বেরিয়ে আসার পথ দেখাবেন,হ্যাঁ তিনি আপনাকে বের হয়ে আসার পথ করে দেবেন! হতাশ হবেন না, নিরাশ হবেন না;তিনি আপনাকে পরিত্যাগ করবেন না।

**এটিই হচ্ছে ঈশ্বর কর্তৃক আপনাকে প্রদত্ত স্বর্গীয় বাণী।** — ফাদার এস. জে. বার্কম্যান


তাঁর আহ্বানের প্রতিধ্বনি



## ইউ টিউব খ্রীষ্টিয়ান চ্যানেল!

আপনি পাস্টর এস. স্যাম সেলভা রাজের সঙ্গে প্রার্থনা করার সুযোগ পাবেন।

Message, prayer in 5 minutes!!

৫ মিনিটের বাণী!!

ইংরাজী এবং হিন্দি
প্রত্যেক দিন ভোর ৪টে

তামিল এবং তেলেগু - ভোর ৫টা

তামিল ভাষায় রবিবারের উপাসনা - সকাল ৮.৩০

# আহ্বানের প্রতিধ্বনি – (১৯৬৯-২০১৯ সুবর্ণ জয়ন্তী বর্ষ)



REACHING NATIONS

## *from your dearly beloved brother...*



**আমাদের মিশনের নীতি**

সমকালীন প্রজন্মের কাছে প্রাচীন এবং আদি প্রেরিতদের শিক্ষাগুলিকে লঘু না করে ব্যাখ্যা করা এবং শিক্ষা দেওয়াই হচ্ছে আমাদের লক্ষ্য।


**CHIEF EDITOR**
Angeline Selvakumari Henry, M.A., M.Ed.

**MANAGING EDITOR**
Pastor Alex Samson Sam, B.Th., M.Div.

**ADMINISTRATION**
Bro. N. Prakasam, M.A., General Manager

**EDITORIAL BOARD**
Sis. Jesy Veena Sam
Sis. Serena Bevin, M.A., M.Phil., B.Ed.
Dr. A. Richard Samuel, M.A., Ph.D.
Rev. Dr. K.R. Rajasekaran

**EDITOR, PUBLISHER & PRINTER**
Pastor S. SAM SELVA RAJ
Echo of His Call Printers
10, Mohammed Abdullah 2nd Street,
Chepauk, Chennai- 600 005, India.
Phone : (+ 91- 44) 2852 8282, 2852 9293, 2854 7766
Cell : (+91) 98410 71852, 95661 31858

**CORE LEADERS**
Bro. K. Puratchivendan
Bro. A. Edward Durai
Bro. A. Alvin
Bro. K. Abraham
Sis. Dhanalakshmi Chinnaiah

**E.mail ID**
sam@echoofhiscall.org
biblecor@yahoo.co.in

**WEBSITES**
www.echoofhiscall.org
www.stpaulsmatriculation.com

**YOUTUBE CHANNEL**
Echo of His Call


**"সদাপ্রভু আমার পালক, আমার অভাব হবে না।"**
গীত ২৩:১

প্রভুতে প্রিয় ভাই এবং বোনেরা,

আমাদের প্রভু এবং ত্রাণকর্তা, যীশু খ্রীষ্টের নামে আপনাদের শুভেচ্ছা জানাই।

আমাদের আহ্বানের প্রতিধ্বনি পত্রিকার মাধ্যমে যারা ঈশ্বরের আশীর্ব্বাদ লাভ করছেন তাদের সকলের জন্য আমরা সদাপ্রভু ঈশ্বরকে গৌরবান্বিত করি। আমরা আমাদের প্রভুর প্রশংসা করি কারণ আমরা জানতে পেরেছি যে ইউটিউব চ্যানেলে ভোর বেলায় আমরা নতুন যে ৫ মিনিটের বাণী প্রচার করছি তার দ্বারা আপনারা আশীর্ব্বাদযুক্ত হচ্ছেন। আমরা আমাদের প্রভুদের প্রভুর প্রশংসা করি কারণ আমাদের পক্ষে যা করা সম্ভব আমরা তা করছি যাতে আপনারা ফল লাভ করতে পারেন।

যত দিন যাচ্ছে, প্রভুর পরিচর্যা কাজ বৃদ্ধি পাচ্ছে। লোকেরা দারুণভাবে আশীর্ব্বাদ লাভ করছেন। কিন্তু আদি মণ্ডলীতে প্রেরিতগণ যে সমস্ত সমস্যা এবং সংগ্রামের অভিজ্ঞতা লাভ করেছিলেন, আমাদেরকেও সেই একই অভিজ্ঞতা লাভ করতে হচ্ছে। আমরা যেহেতু বিভিন্ন পরিচর্যার এবং সুসমাচারের মাধ্যমে দিয়াবলের শক্তঘাঁটিগুলো ভেঙ্গে দিচ্ছি, সেহেতু দিয়াবলের বিরক্ত হওয়ার বিষয়টিতে অবাক হওয়ার কিছু নেই।

কিন্তু আমরা নিরুৎসাহিত হই না। প্রথম প্রেরিতগণ এবং আমাদের পিতৃপুরুষরা যেমন কোনও সামঝোতা না করে মতবাদগুলি শিক্ষা দিতেন এবং প্রচার করতেন, আমরাও সেইভাবে প্রচার করছি এবং শিক্ষা দিচ্ছি। আমাদের জন্য প্রার্থনা করার জন্য আমরা আপনাদের কাছে অনুরোধ করছি। সম্ভাব্য যে কোনও উপায়ে আমাদের সাহায্য করার জন্য এগিয়ে আসুন। আপনার সাহায্য এবং সহভাগিতা আমাদের একান্ত প্রয়োজন।

এ মাসে এবং আগামী মাসে আমাদের অনেক যাত্রা করতে হবে। দয়া করে আপনাদের প্রার্থনায় আমাদের স্মরণ করুন। আত্মা জয়ের জন্য প্রকৃত ভারসহ পরিচর্যার পথ সত্যিই খুবই কঠিন। আমাদের অনেক কর্মীর পরিবারের সদস্যরা বিভিন্নভাবে অসুস্থ আছেন। আপনাদের প্রার্থনা এবং ভালোবাসায় আমরা সান্ত্বনা পাই।

আমরা আপনাদের পত্র এবং পরামর্শগুলির জন্য প্রত্যাশিত। আমরা আপনাদের জন্যেও প্রার্থনা করি। অধিকন্তু, আমরা আপনাদের প্রার্থনার অনুরোধগুলি গাম্ভীর্যপূর্ণভাবে ঈশ্বরের কাছে নিয়ে আসি এবং আপনাদের জন্যে প্রার্থনা করি। আমরা আপনাদের ঈশ্বরের ভালোবাসা সহ ভালোবাসি। যে ভাই বোনেরা নিয়মিত আমাদের আর্থিকভাবে সাহায্য করছেন তাদের প্রভু পুরস্কৃত করুন! আমেন।

যীশু খ্রীষ্টে আপনাদের ভাই,


**পাস্টর এস. স্যাম সেলভা রাজ এবং অ্যালেক্স স্যামসন স্যাম।**

(+91) 98412 71858 / 98410 71858

E.mail : samselvaraj333@gmail.com


গত কয়েক দিন যাবৎ, আমার বিভিন্ন বর্ণের এবং জাতির লোকদের সঙ্গে সাক্ষাতের সুযোগ হয়েছিল। তাদের মধ্যে আমি পণ্ডিত, অগ্রণী ডাক্তার, ক্ষমতার রাজনীতির লোক, অফিসার, শিল্পপতি, ধনী ব্যক্তি, পেশাদার বিশেষজ্ঞ পরামর্শদাতা, সাধারণ এবং মধ্যবিত্ত শ্রেণীর লোক, স্বল্প শিক্ষিত, ঈশ্বর ভীরু এবং ঈশ্বরহীন লোক, অভিনেতা, লেখক, যারা নিজেদের বিশ্বাসী বলে অভিহিত করে এবং

ঈশ্বরের দাসদের সঙ্গে সাক্ষাৎ করেছিলাম। আমি তাদের মধ্যে বিভিন্ন সমস্যগুলির সাক্ষী হয়েছিলাম। এই কারণেই লোকেরা বিভিন্ন তীর্থক্ষেত্রগুলিতে ঈশ্বরের অনুসন্ধান করেন।

অনেক ভক্ত লোকেরা কয়েক সময় এমন কিছু করে যা তারা জানে না। কয়েক সময় তারা বিভিন্ন তীর্থক্ষেত্রে যাওয়ার উদ্দেশ্যে প্রস্তুতির জন্যে অনেক দিনের জন্য প্রায়শ্চিত্ত করে; কিন্তু প্রস্থানের আগে, কয়েক জন প্রার্থনার অনুরোধ করার জন্যে আমাদের কাছে আসেন। আমি তাদেরকে তাচ্ছিল্যও করি না বা উপহাসও করি না। কিন্তু তাদের মধ্যে যে উত্তেজনা এবং শূন্যতা আছে তা কি আমরা দেখতে পারি না? ভালো লোকদের জন্য, প্রকৃত উদ্ধারের পথে বাধা হয়ে দাঁড়ায় তাদের ঐতিহ্য এবং সংস্কৃতি।

**সমস্যা এবং অস্থিরতায় পূর্ণ এই পৃথিবীতে, খুব কম লোকই ঈশ্বরের রাজ্য এবং এর বিস্তারের বিষয় নিয়ে চিন্তা করে, জগতের লোকদের অভ্যাস এবং প্রথাগুলি থেকে নিজেদের বিচ্ছিন্ন করে এবং তাদের পবিত্রতা রক্ষা করে শান্তি এবং সুখে জীবন যাপন করে। এর কারণ কী? এটি হচ্ছে প্রভু যীশু খ্রীষ্টের পুনরুত্থানের শক্তি যা এমনকী সাধারণ লোকদের জীবনেও কাজ করে। আমাদের প্রত্যেকের এই অভিজ্ঞতা থাকা উচিত।**


যখন একজন ব্যক্তির জীবনে যীশু খ্রীষ্টের পুনরুত্থানের শক্তি আসে, এমনকী যদি সেই ব্যক্তি উপযুক্ত নাও হন, তথাপি তিনি একজন উপযোগী ব্যক্তিতে পরিণত হবেন। এছাড়াও তার এই ক্ষমতা যদি একজন পুরাতন রোগে আক্রান্ত লোকের জীবনে মধ্যস্থতা করে তাহলে তার মধ্যে থেকে সেই রোগটি পালিয়ে যাবে! যীশু বলেছিলেন, "... **যে আমাতে বিশ্বাস করে, তার মৃত্যু হলেও সে জীবিত থাকবে**" ( যোহন ১১:২৫)। এমনকী যদি একজন ব্যক্তির কোনও একটি অঙ্গ কাজ না করে, যখন সে প্রভু যীশুকে তার ব্যক্তিগত ত্রাণকর্তারূপে গ্রহণ করে, এবং মন পরিবর্তন করে, তখন তিনি প্রভুর কাছ থেকে এক অতিপ্রাকৃত আরোগ্য লাভ করে এবং একজন স্বাভাবিক ব্যক্তি হিসাবে জীবনযাপন করতে পারে।

## লাসার এবং যীশু খ্রীষ্ট

যীশুর এক বন্ধু, লাসার মারাগেছিলেন। কিন্তু প্রভু যীশু খ্রীষ্ট লাসারকে মৃত্যু থেকে তুলেছিলেন। যাইহোক, তিনি হয়তো বৃদ্ধ বয়েসে মারাগেছিলেন। কিন্তু, প্রভু যীশু খ্রীষ্ট যিনি ক্রুশের উপর মৃত্যুবরণ করেছিলেন, তৃতীয় দিনে মৃত্যু থেকে উঠেছিলেন, তিনি আর মারা যাননি! যারা দাবি করে যে তারা ঈশ্বরের থেকে আবির্ভূত হয়েছ্নে তারা সকলে মারা যান। যে কবরে তাদের সমাধিস্থ করা হয়েছে তা সর্বদা বন্ধ থাকে। কিন্তু কেবল প্রভু যীশু খ্রীষ্টের কবর খোলা আছে। এটি ঐতিহাসিকভাবে প্রমাণিত হয়েছে।

রোমীয় কর্তৃপক্ষ এবং মন্দিরের কর্তৃপক্ষ যীশুর কবরে সম্পূর্ণ নিরাপত্তার ব্যবস্থা করেছিল। বাইবেলে বলা হয়েছে: "**তাই তাঁরা গেলেন, সেই পাথরটি মোহরাঙ্কিত করে সমাধি সুরক্ষিত করলেন ও প্রহরীদের নিযুক্ত করলেন**" (মথি ২৭:৬৬)। কিন্তু প্রভু যীশু তৃতীয় দিবসে মৃতদের থেকে উঠেছিলেন (মথি ২৮:১-৮)।

বিশ্রামবারের পর সপ্তাহের প্রথম দিন মগ্দলীনী মরিয়ম এবং অন্য মরিয়ম কবর দেখতে এসেছিলেন। যদিও প্রভু যীশু তাঁর শিষ্যদের বলেছিলেন যে তিনি তৃতীয় দিনে মৃত্যু থেকে উঠবেন, এবং যারা তাঁর সঙ্গে সাড়ে তিন বছর ছিলেন এবং তাঁর সঙ্গে পরিচর্যা কাজ করেছিলেন, তারা তাদের ঘরের মধ্যে ছিলেন। তারা তাদের প্রভুর প্রতি তাদের প্রকৃত প্রেম দেখাতে ব্যর্থ হয়েছিলেন। এই বিষয়টি হয়তো তাদের দুঃখিত করেছিল এবং পরে তারা এর জন্য অনুশোচনা করেছিলেন। কিন্তু যীশু তাদের এই ঘাটতির বিষয় মনে রাখেননি। কিন্তু তিনি তাদের কাছে আবির্ভূত হয়েছিলেন, তাদের



**Statement about ownership and other particulars about the Newspaper Echo of His Call (Bengali) - Form IV (See Rule 8)**

1. Place of Publication : **New No. 8 & 10, Old No. 18 & 19, Mohammed Abdullah 2nd Street, Chepauk, Chennai - 600 005.**
2. Periodicity : **Monthly**
3. Printer, Editor, Owner & Publisher : **S. Sam Selva Raj** (Same Address)
4. Nationality : **Indian**

I, **S. Sam Selva Raj** hereby declare that the particulars given above are true to the best of my knowledge and belief.

**March 2023** **S. Sam Selva Raj.**

সান্ত্বনা দিয়েছিলেন, তাদেরকে পরাক্রমী প্রেরিতে পরিণত করেছিলেন এবং তাদের দুঃখকে আনন্দে পরিণত করেছিলেন।

প্রিয় বন্ধু, আপনার ছোট ছোট সন্দেহ, ইচ্ছাগুলো এবং আপনার মাংসিক অভিলাষ কি আপনাকে প্রভুর ভালোবাসা থেকে বিতাড়িত করে আপনাকে দূরে সরিয়ে দেয়নি, যদিও আপনি বিভিন্ন ঘটনার ক্ষেত্রে এবং বিভিন্ন উপায়ে প্রভুর ভালোবাসার স্বাদ গ্রহণ করেছিলেন। হতাশ হবেন না, আপনার দুর্বলতাগুলো স্বীকার করুন এবং আবার যীশুর কাছে আসুন। আপনার দুঃখ আনন্দে পরিণত হবে!

## ঈশ্বরের সন্তানদের প্রতি একটি সতর্কতা

প্রভুর সঙ্গে সহভাগিতা রক্ষা করে কীভাবে একজন প্রভুর আনন্দ লাভ করতে পারেন সেই বিষয়ে স্বর্গীয় পাস্টর জি.সুন্দরমের দুটি আদেশের বিষয় বলবো যা তিনি মণ্ডলীকে দিয়েছিলেন।

ঈশ্বরের একজন পরিচারক অথবা সুসমাচার প্রচারক প্রভুর পরিচর্যা করার জন্যে পৃথিবীর যে কোনও জায়গায় যেতে পারেন। কিন্তু তাদের কোমরে দড়ির একটা প্রান্ত বেঁধে রাখতে হবে এবং আরেকটি প্রান্ত প্রভু তাকে যে মণ্ডলী দিয়েছেন তার সঙ্গে বেঁধে রাখতে হবে। আপনার যদি রবিবারে পরিচর্যার কোনও কাজ না থাকে, তাহলে আপনাকে অবশ্যই আপনার মণ্ডলীতে যোগদান করতে হবে, অন্যদের সঙ্গে প্রভুর আরাধনা করতে হবে এবং ধৈর্য সহকারে ঈশ্বরের বাক্য গ্রহণ করতে হবে এবং পালন করতে হবে।

দ্বিতীয়ত, আমরা প্রত্যেকে তাঁর অনুগ্রহে পাপপূর্ণ চিন্তা, পাপপূর্ণ অভ্যাসগুলি, মন্দ সম্পর্ক থেকে উদ্ধার লাভ করেছি। কিন্তু আমরা যেন আবার সেই সব পাপের মধ্যে ফিরে না যাই তার জন্য আমাদের সতর্ক হতে হবে।

উদাহরণ, আপনি যদি প্রভু যীশু খ্রীষ্টের অনুগ্রহে আসক্তি থেকে উদ্ধার লাভ করে থাকেন, তাহলে আপনাকে অধ্যবসায়ের সঙ্গে সেই উদ্ধারের বিষয়টিকে রক্ষা করতে হবে। আপনার সেই জায়গার কাছে যাওয়া উচিৎ নয়। আপনি সম্পূর্ণরূপে আপনার পুরাতন মন্দ বন্ধুদের থেকে অব্যাহতি পাবেন এবং আপনার আর কখনও এই ধরণের সম্পর্ক হবে না। আপনি যদি আপনার সিদ্ধান্তে দৃঢ় থাকেন, আপনি বিজয়ী হবেন এবং সম্পূর্ণ আনন্দ লাভ করবেন।

## মগ্দলীনী মরিয়ম এবং অন্য মরিয়ম



সাতটি ভূতাবিষ্ট যে মগ্দলীনী মরিয়মকে যীশু উদ্ধার করেছিলেন। তিনি আরেকজন মরিয়মের সঙ্গে কবরে এসেছিলেন যেখানে যীশুর দেহ সমাধিস্থ করা হয়েছিল। সেখানে এক মহাভূমিকম্প ঘটেছিল, কারণ প্রভুর এক দূত আকাশ থেকে নেমে এসেছিলেন, এবং তিনি এসেছিলেন এবং কবরের দরজার পেছনে রাখা প্রকাণ্ড পাথরটাকে গড়িয়ে সরিয়ে দিয়েছিলেন, এবং পাথরের উপর বসেছিলেন (মথি২৮:২)।



প্রিয় ভাই এবং বোনেরা; সেখানে পাথর থাকতে পারে—যা আপনার জীবনে বাধা সৃষ্টি করতে পারে। কয়েক সময় আপনার দ্বারা অথবা বলবান অথবা ধনী ব্যক্তির দ্বারা এই পাথর নাও সরানো যেতে পারে। ভয় পাবেন না, যেখানে কোনও পথ নেই সেখানে ঈশ্বর পথ তৈরী করতে পারেন। এটা খুব বেশী দূরবর্তী নাও হতে পারে। আপনাকে রক্ষা করার ভার ঈশ্বর স্বর্গদূতদের উপর দিয়েছেন। স্বর্গদূতেরা আপনার জন্য কাজ করছেন। যে পাথরগুলি আপনার আশীর্ব্বাদ লাভের পথে বাধা সৃষ্টি করছে তা তারা সরিয়ে দেবেন এবং তারা প্রভুর

(ক্রমশঃ ৬ পৃষ্ঠায়)

नहेम्याह बाइबल कॉलेज
रेसिडेन्शल कॉलेज, चेन्नई।

माध्यमः हिन्दी

सदस्यता के लिए पंजीकृत उम्मीदवार - ATA

सुविख्यात अंतर्राष्ट्रीय मसीही अगुवे तथा पिछले 53 वर्षों से सेवारत वरिष्ठ पासवान

सर्टिफिकेट इन थियोलॉजी – 1 साल

योग्यता 10 वी या अधिक
जल्दी करें!

Contact : The Chairman, Nehemiah Bible College.
10, MOHAMMED ABDULLAH 2ND STREET, CHEPAUK, CHENNAI - 600 005, INDIA.
Phone : (+91-44) 2852 8282, Cell : (+91) 98410 71852 / 95661 31858
E.mail : sam@echoofhiscall.org / Website : www.echoofhiscall.org
★ ऑनलाइन कक्षाएं उपलब्ध हैं ★

GREAT COMMISSION PARTNERS

ECHO OF HIS CALL MINISTRIES SINCE 1989

# মহান আদেশ অংশীদারগণ

## ভারবহন করা (গালা ৬:২), সাহায্য করা (রোমীয় ১২:১৩), এবং উদ্দীপিত হওয়ার জন্য (২ তীমথিয় ১:৬)

**প্রার্থনার অনুরোধসমূহ** (১৯শে মার্চ থেকে ১৮ই এপ্রিল, ২০২৩)



**(অনুগ্রহ করে এই পৃষ্ঠাটা বের করে নিয়ে আপনার বাইবেলের মধ্যে রাখুন এবং প্রতিদিন প্রার্থনা করুন)**

## প্রশংসার বিষয়সমূহ

**মার্চ ১৯ : সেন্টপলস ম্যাট্রিকুলেশন স্কুল, নহিমিয় বাইবেল কলেজ** এবং ডাক মারফত ঈশতাত্ত্বিক পাঠক্রমগুলির সমস্ত কার্যকলাপের জন্য।

**দিন ২০:** ১৬।১।২৩ তারিখে আমাদের মণ্ডলীর কর্মীদের যে সভাটি পরিচালিত হয়েছিল সেই সভাটিকে আশীর্ব্বাদ করার জন্য।

**দিন ২১:** আমাদের **আহ্বানের প্রতিধ্বনি ইউ টিউব চ্যানেলের** নতুন সাবস্ক্রাইবারসহ আশীর্ব্বাদ করার জন্য।

**দিন ২২:** আমাদের কর্মীদের পরিবারগুলির উপর আশীর্ব্বাদ বর্ষণের জন্য।

**দিন ২৩:** সমস্ত খ্রীষ্টিয় সম্প্রদায় নির্বিশেষে সমস্ত মণ্ডলীগুলির যুব এবং শিশুদের মধ্যে উদ্দিপনার জন্য।

**দিন ২৪:** প্রত্যন্ত এলাকাগুলিতে ঈশ্বরের কাজে নিযুক্ত মিশনারীদের এবং তাদের পরিবারগুলির জন্য।

**দিন ২৫:** আমাদের বরিষ্ঠ পালক এস.স্যাম সেলভা রাজের সারা দেশে এবং বিদেশে সফল পরিদর্শনে প্রচুর আশীর্ব্বাদ লাভ করার জন্য।

**দিন ২৬:** আমাদের প্রার্থনার অংশীদার, বিশ্বাসের অংশীদার, আজীবন অংশীদার এবং মহান আদেশ অংশীদার এবং তাদের পরিবারের সদস্যদের জন্য ঈশ্বরের প্রশংসা হোক।

**দিন ২৭:** ১৯৬৯ সাল থেকে আমাদের পত্রিকা পরিচর্যার প্রতি আমাদের অঙ্গীকারবদ্ধতাকে প্রচুর পরিমাণে তাঁর আশীর্ব্বাদের জন্য।

**দিন ২৮:** আমাদের গসপেল প্রিন্টিং প্রেস এবং এর কর্মীসহ অবিরত কার্যকলাপের জন্য।

**দিন ২৯:** আমাদের **আহ্বানের প্রতিধ্বনি পত্রিকার** সহযোগী সম্পাদক এবং তাদের পরিবারগুলির জন্য।

**দিন ৩০:** আমাদের মিশনারীদের আর্থিক এবং প্রার্থনার সাহায্য দিতে সক্ষম করার জন্য।

**দিন ৩১:** সারা পৃথিবীতে বাইবেল এবং খ্রীষ্টিয় সাহিত্য ছাপানোর সঙ্গে যুক্ত লোকদের প্রয়োজনগুলি পূরণের জন্য।

**এপ্রিল ০১:** ব্যক্তিগত প্রয়োজনগুলির মধ্যেও যারা আমাদের পরিচর্যাগুলিকে আর্থিক সাহায্য করছেন তাদের প্রতি আশীর্ব্বাদের জন্য।

**দিন ০২:** আমাদের সিনিয়ার পাস্টর এবং তাঁর পরিবারকে স্বর্গীয় সুরক্ষা এবং সুস্বাস্থ্য দ্বারা আশীর্ব্বাদ করার জন্য।

**দিন ০৩:** খ্রীষ্টিয় নিরাময় মতবাদের ভিত্তিতে মিশনারীদের দ্বারা প্রতিষ্ঠিত বিদ্যালয়গুলির সহ পৃথিবীকে আশীর্ব্বাদ করার জন্য।

## প্রার্থনার অনুরোধসমূহ

**দিন ০৪:** সারা পৃথিবীর মণ্ডলীগুলোর মধ্যে উদ্দিপনা আনার জন্য।

**দিন ৫:** অপ্রত্যাশিত প্রাকৃতিক বিপর্যয় থেকে রক্ষার জন্য।

**দিন ৬:** প্রধান এবং শাখামণ্ডলীগুলোর সঙ্গে যুক্ত **তাঁর আহ্বানের প্রতিধ্বনির** বিশ্বাসীদের এবং তাদের পরিবারগুলির কল্যাণের জন্য।

**দিন ৭:** আমাদের প্রধান এবং শাখা মণ্ডলীগুলোতে পুণ্য শুক্রবার এবং ঈস্টারের সভাগুলির জন্য।

**দিন ৮:** আমাদের আবাসিক এবং সান্ধ্য **নহিমিয় বাইবেল কলেজের** শিক্ষার্থীরা যেন শৃঙ্খলাবদ্ধ এবং সমর্পিত হয়।

**দিন ৯:** নারকোটিকের আসক্তির হাত থেকে শিশু এবং যুবকেরা যেন সুরক্ষিত হয়।

**দিন ১০:** সারা পৃথিবীতে শিশু এবং যুবকেরা যেন ক্রমবর্দ্ধমান বদ অভ্যাসগুলি থেকে সুরক্ষিত হয়।

**দিন ১১:** আমাদের **সেন্টপলস্ ম্যাট্রিকুলেশন স্কুলের** দশম শ্রেণীর শিক্ষার্থীরা তাদের সরকারী পরীক্ষায় বসবে।

**দিন ১২:** সারা পৃথিবী থেকে শিশু পাচার দূর করার জন্য।

**দিন ১৩:** ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে **সেন্ট পলস্ ম্যাট্রিকুলেশন স্কুলে** নতুন শিক্ষার্থীদের ভর্ত্তির জন্য।

**দিন ১৪:** ২০২৩ সালে ৩রা জুন আমাদের **নহিমিয় বাইবেল কলেজের** গ্রাজুয়েশন সভা অনুষ্ঠিত হবে।

**দিন ১৫:** এ মাসে আমাদের সমস্ত আর্থিক প্রয়োজনগুলি পূরণেরজন্য।

**দিন১৬:** ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে আবাসিক এবং সান্ধ্য **নহিমিয় বাইবেল কলেজে** যোগ্য শিক্ষার্থীদের ভর্তির জন্য।

**দিন ১৭:** আমাদের বরিষ্ঠ পালক এস. স্যম সেলভা রাজের বহুমুখী পরিচর্যাগুলির বিষয়ে তিনি যেন নতুন দর্শন দ্বারা আশীর্ব্বাদযুক্ত হন।

**দিন ১৮:** পৃথিবীর সমস্ত প্রেসিডেন্ট, প্রধানমন্ত্রী, মুখ্যমন্ত্রী, সংসদের সদস্যদের জন্য।

(ক্রমশঃ, ৪র্থ পাতার পর)

আশীর্বাদগুলি আপনাকে উপভোগ করতে দেবেন এবং স্বর্গদূতেরা পাথরগুলির উপর বসবেন। আপনি ঈশ্বরের আশীর্বাদের প্রবেশ স্থলের উপর আছেন। অকম্পিত হন। আপনার শোক শীঘ্রই আনন্দে পরিণত হবে!

## আমাদের ভুল নীতিগুলি

ঈশ্বরের সন্তানগণ, উল্লসিত হন! আপনার পথে যাই বাধা আসুক না কেন, আমাদের প্রভু যীশু তা সরিয়ে দেবার পক্ষে যথেষ্ট শক্তিশালী। মানবজাতির আশীর্বাদগুলির চাবি এই পৃথিবীর কারও কাছে নেই। এই চাবি কেবল প্রভু যীশু খ্রীষ্টের কাছে আছে। তাঁর উপর আপনার সমস্ত কষ্টভোগ ছেড়ে দিন। আমরা যদি তাঁর কাছ থেকে দূরে চলে যাই, তাহলে এটি অনেক বড় দুঃখ এবং কষ্ট আনবে। তোমাদের মধ্যে কয়েক জন ব্যক্তিগত জীবন এবং ঈশ্বরের পরিচর্যার বিরুদ্ধাচরণ করেছো। এটি একটি ভয়ানক ভুল। প্রভু আপনাকে দারিদ্র এবং গভীর পাতাল থেকে তুলেছেন এবং উচ্চস্থানগুলিতে স্থাপন করেছেন। কীভাবে আপনি তাঁকে অস্বীকার করতে পারেন? ভুলগুলিকে পুনরাবৃত্তি না করার বিষয় অধ্যবসায়ী হন। মন পরিবর্তন করুন! আপনি যখন এটা করবেন, তখন আপনার শোক আনন্দে পরিণত হবে।



## প্রভু পতিতদের অন্বেষণ করেন!

প্রভু যীশু খ্রীষ্ট তৃতীয় দিনে মৃত্যু থেকে উঠেছিলেন। তথাপি তাঁর শিষ্যরা তাদের পুরাতন পেশা, মাছ ধরার কাজে ফিরেগেছিল। এটা কিছুটা বিহ্বলকারী। তথাপি প্রভু তাঁর প্রেম দেখিয়েছিলেন। আমরা যেমন বলেছি, শিষ্যরা তীবেরিয়া সমুদ্রে মাছ ধরতে ফিরেগেছিলেন। প্রভু তাদের সঙ্গে সাক্ষাৎ করতে গিয়ে বলেছিলেন, "বৎসেরা তোমাদের কাছে কি কোনও খাবার আছে?"



শিষ্যরা আপ্রাণ চেষ্টা করা সত্ত্বেও, তারা কোনও মাছ ধরতে পারেনি। আমি সেই সমস্ত লোকদের দেখেছি যারা পরিচর্যার দায়িত্ব তুলে নিয়েছিল এবং কিছু কারণ দেখিয়ে পরিচর্যার কাজ ছেড়ে দিয়েছে

(ক্রমশঃ, ৯ পাতায়)


# নহিমিয় বাইবেল কলেজ

সান্ধ্যকালীন / আবাসিক কলেজ

চীপক এবং সন্তোষপুরম

মাধ্যম: তামিল

Registered Candidate for Membership
Asia Theological Association (ATA)

৫৩ বছর যাবৎ আন্তজার্তিক খ্রীষ্টিয় নেতৃবর্গ এবং বরিষ্ঠ পালকদের দ্বারা স্বীকৃত

ঈশতত্ত্বে সার্টিফিকেট : এক বছর
ঈশতত্ত্বে ডিপ্লোমা : দুই বছর

শিক্ষগত যোগ্যতা: দশম শ্রেণী এবং তদুর্ধ
ভর্ত্তির জন্য সত্বর যোগাযোগ করুন!

Contact : The Chairman, Nehemiah Bible College.
10, MOHAMMED ABDULLAH 2ND STREET, CHEPAUK, CHENNAI - 600 005, INDIA.
Phone : (+91-44) 2852 8282, Cell : (+91) 98410 71852 / 95661 31858
E.mail : sam@echoofhiscall.org / Website : www.echoofhiscall.org
⋆ ONLINE CLASSES ARE AVAILABLE ⋆

## অনুগ্রহ করে আমাদের প্রধান কার্যালয়ের পরিচর্যা কাজের জন্য প্রার্থনা করুন

| | |
|---|---|
| ১। প্রার্থনা সভা | : ২৪ ঘণ্টা |
| ২। আহ্বানের প্রতিধ্বনি - মাসিক পত্রিকা: (১৬টি ভাষায় প্রকাশিত) | |
| ৩। বাইবেলকোর - ডাকযোগে বাইবেল শিক্ষার পাঠক্রম: ইংরাজী, তামিল এবং হিন্দি | |
| ৪। নহিমিয় বাইবেল কলেজ (দুটি কেন্দ্র) | |
| ৫। ডাকযোগে ঐশ্তাত্ত্বিক পাঠক্রম (ইংরাজী এবং তামিল মাধ্যম) | |
| ৬। মহান আদেশ অংশীদারগণ (পালকদের নেট ওয়ার্ক) | |
| ৭। প্রশিক্ষণ কর্মসূচীসমূহ | |
| ৮। ক্রুশেডসমূহ | |
| ৯। সুসমাচার সাহিত্য বণ্টন এবং ফলো আপ্ | |
| ১০। গস্পেল প্রিন্টিং প্রেস - প্রকাশনাসমূহ | |
| ১১। সেন্ট পলস্ ম্যাট্রিকুলেশন স্কুল - গ্রাম্য উচ্চ বিদ্যালয় (ইংরাজী মাধ্যম) | |
| ১২। রবিবাসরীয় স্কুল : রবিবার সকাল ৮.০০ এবং ১০টা (প্রতি রবিবার) | |
| ১৩। তামিল উপাসনাসমূহ : রবিবার সকাল ৫টা, ৭টা এবং ১০টা | |
| ১৪। তেলুগু উপাসনা | : রবিবার বিকাল ৫টা |
| ১৫। হিন্দি উপাসনা | : রবিবার বিকাল ৪টা |
| ১৬। ইংরাজী এবং তামিল উপাসনা | : রবিবার সন্ধ্যা ৬টা |
| ১৭। পালকদের পরামর্শদান | : রবিবার বিকাল ৪টে |
| ১৮। মহিলাদের প্রার্থনাসভা | : বুধবার বিকাল ৫.৩০ মিনিট |
| ১৯। মধ্য-সাপ্তাহিক আরাধনা সভা | : বুধবার বিকাল ৬.৩০ মিনিট |
| ২০। পুরুষদের প্রার্থনা | : শুক্রবার সন্ধ্যা ৭ মিনিট |
| ২১। শিষ্যত্বের সভা | : শনিবার সন্ধ্যা ৬টা |
| ২২। গৃহ সভাগুলি | : মঙ্গল এবং বৃহস্পতি, সন্ধ্যা ৬.৩০ মিনি |
| ২৩। বিশেষ পবিত্র প্রভুর ভোজ | : প্রতি মাসের ১ম দিন সকাল ৬টা |
| ২৪। পরিচর্যাকারীদের পর্যালোচনা সভা | : ১ম শনিবার বিকাল ৫.৩০ মিনিট |
| ২৫। পিতা ও মাতাদের প্রার্থনা | : প্রথম রবিবার, বিকাল ৪টে |
| ২৬। নৈশ প্রার্থনা | : দ্বিতীয় শুক্রবার রাত ৯.৩০ মিনিট |
| ২৭। উপবাস প্রার্থনা | : তৃতীয় শনিবার সকাল ৯.৩০ মিনিট |
| ২৮। পবিত্র প্রভুর ভোজ | : দ্বিতীয় রবিবারের উপাসনাসভা |
| ২৯। সকালের অনুধ্যান | : প্রতিদিন ভোর ৫টা |
| ৩০। কর্মীদের অনুধ্যান | : প্রতিদিন সকাল ৯ টা |
| ৩১। অফিস | : প্রতিদিন সকাল ৯ টা থেকে রাত ৯টা (রবিবার ছাড়া) |

## কেবলমাত্র ভারতে আহ্বানের প্রতিধ্বনি ডাক মারফত পাঠক্রমগুলির জন্য

### ১। বাইবেলকোর

আমরা নতুন খ্রীষ্ট বিশ্বাসীদের জন্য এবং অখ্রীষ্টানদের জন্য বাইবেলের মৌলিক সত্যগুলির উপর ডাক মারফত পাঠক্রম প্রদান করি: ইংরাজী ৫৭ পৃষ্ঠার, হিন্দি ৭৬ পৃষ্ঠার এবং তামিল ৯৬ পৃষ্ঠার বই। **"আপনার জন্য নতুন জীবন"** নামের একটি পাঠক্রমের বই আপনি পাবেন। এই পাঠক্রম শেষ করার পর, আপনি একটি সার্টিফিকেট পাবেন। পাঠক্রমের জন্য কোনও আবশ্যিক ফী নেই। আপনি আশীর্বাদ পাবেন।

### ২। ডাক মারফত ঈশ্তাত্ত্বিক পাঠক্রম

থিওলজিকাল করেসপণ্ডেস কোর্স নামে অভিহিত অ্যাডভানস্ ডিস্টেন্স এডুকেশনের নিম্নলিখিত ভাষায় পাঠক্রমের বইগুলি পালকদের জন্য, সুসমাচার প্রচারকদের জন্য, খ্রীষ্টান নেতাদের জন্য এবং গৃহী পালকদের জন্য পাওয়া যাচ্ছে যাদের ঈশ্বরের পরিচর্যা কাজের জন্য প্রবল আগ্রহ আছে তাদের জন্য: ইংরাজী ৫৩৭ পৃষ্ঠার এবং তামিল ৬৫২ পৃষ্ঠার বই। এর জন্য মূল্য ধার্য করা হয়েছে ১০০০ টাকা। ১৪৯টি অধ্যায়ে বিভক্ত সাতটি বই সরবরাহ করা হবে। সার্টিফিকেট অফ মিনিস্ট্রি প্রদান করা হবে। ঈশ্বর আপনাকে আশীর্বাদ করুন।

*বিস্তারিত বিবরণের জন্য আমাদের সঙ্গে যোগাযোগ করুন।*

**The Chairman, Nehemiah Bible College,**
Echo of His Call, Post Box 2957
CHEPAUK, CHENNAI - 600 005.
Ph.: (044) 2852 8282, 2852 9293, 2854 7766,
Cell : 98410 71852, 95661 31858
E.mail : biblecor@yahoo.co.in

## বিনামূল্যে মাসিক পত্রিকা আহ্বানের প্রতিধ্বনি লাভের সুবর্ণ সুযোগ

আপনি যদি ডাক, ই-মেইল, ফোন এবং ওয়াটস অ্যাপের মাধ্যমে আপনার/আপনার বন্ধুদের/আত্মীয়দের ঠিকানা পাঠিয়ে দেন, তাহলে আমরা সম্পূর্ণ বিনামূল্যে আপনাদের আহ্বানের প্রতিধ্বনি মাসিক পত্রিকাটি পাঠিয়ে দিতে পারবো।

## TAX EXEMPTION

Donations by any individual or organization from India to **Echo of His Call Educational Trust** are eligible for Income Tax exemption under Section 80G of the Income Tax Act. Official receipts will be issued for this purpose. Please make your Demand Drafts / Cheques / M.O. for such donations in favour of **Echo of His Call Educational Trust** and send to us, along with your Aadhar Number and PAN for getting Income Tax Exemption.

| | |
|---|---|
| **Account Name** | : **ECHO OF HIS CALL EDUCATIONAL TRUST** |
| **Account Number** | : **1023 2923 805** |
| **Bank Name** | : **STATE BANK OF INDIA** |
| **Branch** | : **TRIPLICANE, CHENNAI - 600 005** |
| **IFSC Code** | : **SBIN 0000249** |
| **SWIFT Code** | : **SBI NIN BB 455** |



# পাতাল থেকে রাজপ্রাসাদ
# PIT TO PALACE

(পাস্টর এস. স্যাম সেলভা রাজের জীবনের অভিজ্ঞতাসমূহ)

"... যে জন পাঠ করে সে বুঝুক (মথি ২৪:১৫)

DIVINE VISITATION!

## স্বর্গীয় আত্মার আবির্ভাব

ঈশ্বরের অনুগ্রহে, ১৯৭১ সালে, প্রভু আমাকে চেন্নাইয়ের চীপকে অখ্রীষ্টানদের প্রতি পরিচর্যা করার ভার আমাকে দিয়েছিলেন। এই এলাকার লোকেরা ভালো ছিলেন এবং তাদের ঈশ্বরের প্রতি গভীর বিশ্বাস ছিল। তারা কঠোর পরিশ্রমী ছিলেন এবং তারা দিন রাত কাজ করতেন। চীপকের অনেক গুরুত্বপূর্ণ স্থান আছে: অনেক সিনেমা থিয়েটার, ক্রিকেট স্টেডিয়াম, পুলিশ স্টেশন, সুন্দর মেরিনা সমুদ্র সৈকত যা পৃথিবীর দ্বিতীয় দীর্ঘতম সমুদ্র সৈকত, কামারাজার রোড, রাজকীয় সড়ক নামেও অভিহিত হয়, ব্যস্ত, অনেক দীর্ঘ এবং সব থেকে বিখ্যাত মাউণ্ড রোড, যা বর্তমানে আন্না সালাই নামে পরিচিত, লাইট হাউস, সেক্রেটারিয়েট, ইগমোর স্টেশন নামে অভিহিত সব থেকে গুরুত্বপূর্ণ রেলওয়ে স্টেশন এবং সেনট্রাল স্টেশন, অসংখ্য সরাকারী অফিস, কুবাম নদী, বিখ্যাত সানথোম চার্চ, প্রেসিডেন্সি কলেজ, আন্না মেমোরিয়াল বিল্ডিং ইত্যাদি। এটি চেন্নাইয়ের (মাদ্রাজের) একটি গুরুত্বপূর্ণ অংশ। আমি এই এলাকার খুব গরীব, খুব ধনী, এবং শিক্ষাবিদদের আত্মিক জীবনের বিষয় অত্যন্ত ভারগ্রস্ত ছিলাম।

সুতরাং, আমি আমার দুজন ঈশ্বরের সহকারীর সঙ্গে প্রতিদিন রাত ৮ থেকে ১০টা পর্যন্ত প্রার্থনা করতে শুরু করেছিলাম। তাদের মধ্যে একজন ছিলেন ব্রাদার আই.চন্দ্র সিং, যিনি এখন পণ্ডিচেরীতে একজন শিল্পপতি। অন্যজন ছিলেন ব্রাদার আই. পাকিয়া মানি যিনি এখন চেন্নাইয়ে একজন বিখ্যাত ব্যবসায়ী। আমরা সাধারণত মহাত্মা গান্ধীর মূর্তির পশ্চাতে জানুপাত করতাম এবং প্রার্থনা করতাম। আমরা উপলব্ধি করেছিলাম যে চলচ্চিত্রগুলো লোকদের জাগতিক বিষয়ের মধ্যে পরিচালিত করছিল, আমরা প্রার্থনা করেছিলাম যে ঈশ্বর যেন সিনেমা হলগুলো সরিয়ে দেন অথবা বন্ধ করে দেন।

কি আশ্চর্য বিষয়! সততার সঙ্গে আমি ঘোষণা করছি! সদাপ্রভু ঈশ্বর আমাদের প্রার্থনার উত্তর দিয়েছিলেন। প্যারাগণ থিয়েটার, স্টার থিয়েটার, এলবিনস্টন থিয়েটার, দেবী থিয়েটার, শান্তি থিয়েটার, আন্না থিয়েটার, চিত্রা থিয়েটার বন্ধ হয়েগেছিল। সুতরাং, আমরা অসংখ্য লোকদের কাছে সুসমাচার প্রচার করতে পেরেছিলাম যারা এক সময় সিনেমা দেখার জন্য পাগল ছিল এবং অভিলাষপূর্ণ জীবন যাপন করছিল। তাদের মধ্যে অনেকে যীশুকে গ্রহণ করেছিল এবং পবিত্র জীবন যাপন করতে শুরু করেছিল। কিন্তু এই এলাকায় কোন চার্চ ছিল না। এই নতুন ধর্মান্তরিতদের কোনও চার্চে নিয়ে যাওয়া যাচ্ছিল না। আমরা ভেবেছিলাম এই এলাকায় চার্চ স্থাপন করা অসম্ভব। ১৯৮০ সালে, ঈশ্বর আমাদের ভারতের চীপকে চার্চ অব গডের একটি শাখা মণ্ডলী শুরু করতে সক্ষম করেছিলেন। কিন্তু

চীপকে চার্চ অব গডের একটি শাখা মণ্ডলী শুরু করতে সক্ষম করেছিলেন। কিন্তু
রবিবারে কেউ জীবন্ত ঈশ্বরের আরাধনা করতে আসার সাহস পাচ্ছিল না। আমার স্ত্রী এবং আমার কন্যা, যে সেই সময় শিশু ছিল, ৫ বছর আমরা এই তিনজন আরাধনা করতাম। আমি আমার অ্যাকোরডিয়ান বাজাতাম (বাদ্যযন্ত্র) এবং প্রচার করতাম। এর জন্যে অনেকে আমার বিরোধী হয়েছিল।

একদিন সকাল ৮টার সময় আমি চার্চের এলাকাটা পরিষ্কার করছিলাম এবং উপাসনা শুরু করার সময় হয়েছিল। আমি উপাসনা পরিচালনা করার জন্য চার্চের এলাকাটা প্রস্তুত করলেও কেউ উপাসনায় যোগদান করবে না মনে করে আমি হতাশ হয়েছিলাম। সুতরাং, আমি শয্যাকক্ষে বিশ্রাম নিতে চেয়েছিলাম এবং সেখানে গিয়েছিলাম এবং আমার চোখ বন্ধ করেছিলাম। আমি ঘুমাতে পারছিলাম না। আমি ভাবের ঘোরের মধ্যে ছিলাম এবং স্বপ্ন দেখেছিলাম।

আমি আমার স্বপ্নের মধ্যে দেখেছিলাম, আমার ঘরটা সম্পূর্ণরূপে আলোকসজ্জায় সজ্জিত হয়ে আছে। আমি আমার ঘরের মধ্যে মিষ্টি সুগন্ধ পাচ্ছিলাম। হঠাৎ একজন ৫০ বছরের বৃদ্ধ আমার এলাকার মধ্যে প্রবেশ করেছিলেন যেখানে আমি আরাধনা সভা পরিচালনা করার জন্য প্রস্তুত করেছিলাম। তিনি লাউটের সমস্ত সুইচ এবং পাখাগুলো চালু করেছিলেন। তারপর তিনি নতজানু হয়েছিলেন এবং নীরবে প্রার্থনা শুরু করেছিলেন। তারপর আমি দেখতে পেয়েছিলাম স্থানটি লোকে লোকারণ্য হয়েগেছিল।



রেভারেণ্ড ডঃ.বেভিন লরেন্স এবং মিসেস সেরেনা বেভিন

আমি জেগে উঠেছিলাম এবং দ্রুত, আমি আমার স্ত্রী এবং কন্যাকে ডেকেছিলাম এবং আমরা যখন আমাদের চার্চে প্রার্থনা করতে শুরু করেছিলাম, আমি উপলব্ধি করেছিলাম যিনি ইতিমধ্যেই প্রার্থনা করছিলেন তিনি অদৃশ্য হয়েগেছেন। আমি এবং আমার স্ত্রী আমাদের সমস্ত পাপ স্বীকার করেছিলাম এবং উপাসনা শুরু করেছিলাম।

কয়েক মিনিটের মধ্যে, একজন ব্রাদার, তার স্ত্রী, তাদের পুত্র, সকলে সাদা পোষাক পড়ে আমাদের সঙ্গে জানুপাত করেছিলেন। এই ব্রাদার হচ্ছেন রেভারেণ্ড ডঃ বেভিন লরেন্স, যিনি এখন অনেক পরিচর্যা করছেন, যাদের প্রধান কার্যালয় কোদাইকান্নাল। তিনি একজন চিকিৎসক এবং একজন বিশপ। তাঁর স্ত্রী শ্রীমতি সেরেনা বেভিন, যিনি আহ্বানের প্রতিধ্বনি পত্রিকার বরিষ্ঠ সহযোগি সম্পাদিকা। তাঁরা একসঙ্গে অনেক পরিচর্যা কাজ করছেন।

সেই দিন থেকে, কোনও লোক আসুক অথবা না আসুক আমি সঠিক সময়ে আমার চার্চের উপাসনা সভাগুলি পরিচালনা করতাম। আমি এই বিষয়ে আমার সহকর্মীদের এবং আমার কলেজের শিক্ষার্থীদের শিক্ষা দিই। ঈশ্বর মঙ্গলময়।

************

*....Contd. from page 6*

এবং জাগতিক পেশা গ্রহণ করেছে। কিন্তু তাদের পরিণিতি ধ্বংসাত্মক হবে। কারও এই ধরণের ভুল করা উচিত নয়।

প্রভু তাদের প্রচুর মাছ ধরার বিষয় কিছু পরামর্শ দিয়েছিলেন এবং তারা সেই মতো কাজ করেছিলেন। তিনি উচ্চিকৃত ত্রাণকর্তা, যীশু খ্রীষ্ট! একটি স্পষ্ট উচ্চিকৃত আহ্বানের দ্বারা, তিনি আপনাকে মনোনীত করেছিলেন, তিনি আপনাকে বিভিন্ন অনুগ্রহ দান এবং তালন্ত দিয়েছিলেন এবং আপনাকে উচ্চিকৃত করেছিলেন। আপনার প্রার্থনাগুলির দ্বারা কত দিয়াবল বিতাড়িত হয়েছেন? কতজন তাদের দুরারোগ্য রোগ থেকে উদ্ধার লাভ করেছেন? কয়েকটি সমস্যার জন্য অথবা কিছু জাগতিক আনন্দের জন্য, আপনি কি ঈশ্বরের ভালোবাসা থেকে দূরে পালিয়ে যাচ্ছেন!?

## কিছুক্ষণ আপনার নিজের জীবনের বিষয় চিন্তা করুন

আপনার সন্তানদের এবং অন্যদের আঘাতকারী সমস্যাগুলি থেকে ঈশ্বর আপনাকে কীভাবে উদ্ধার করেছিলেন? আপনি যখন অসুস্থতা, ব্যর্থতা, সংকটগুলির দ্বারা আক্রান্ত হয়েছিলেন, তখন কীভাবে ঈশ্বর তাঁর আশ্চর্য কাজের দ্বারা আপনাকে উদ্ধার করেছিলেন সেই বিষয় চিন্তা করুন। এর অর্থ কি এটা নয় যে ঈশ্বর আপনার সহবর্তী এবং আপনার প্রতি দয়ালু, যখন আপনি একবার তাঁর সাহায্য উপভোগ করেছিলেন? অনুগ্রহ করে তাঁকে ছেড়ে চলে যাবেন না এবং তাঁকে আপনি আপনার জীবনে প্রথম স্থান দিন। আপনার শোক আনন্দে পরিণত হবে?




প্রতিদিন আমাদের জীবনে অসংখ্য ঝড়ের সম্মুখীন হতে হয়। বিভিন্ন দিক থেকে, বিভিন্ন বেগসহ বিভিন্ন লোকদের কাছ থেকে ঐ ঝড়গুলো আসে। আমরা ঝড়, বাতাস, ঘূর্ণিঝড় এবং সাইক্লোনের সম্মুখীন হই। এখন আমরা দেখবো কী কী ধরণের ঝড়, যখন তারা আমাদের আঘাত করে, তারা আমাদের জীবনে কী কী ভাবে আঘাত করে, তারা আমাদের জীবনে কী প্রকারের ক্ষত সৃষ্টি করে এবং ঈশ্বরের শক্তির দ্বারা আমরা কীভাবে তাদের জয় করতে পারি।

পরিস্থিতি আরও খারাপ হওয়ার আগেই আমাদের পদক্ষেপ গ্রহণ করা উচিৎ। আক্রমণ এবং পরিস্থিতি হাতের বাইরে বেরিয়ে যাওয়ার আগের সময়ের মধ্যে কিছু সময় থাকে। সমস্ত কিছু আমাদের নিয়ন্ত্রণের অধীনে আনার জন্যে তাঁর অনুগ্রহ দানের বিষয় ঈশ্বরের দয়াই যথেষ্ট। ঈশ্বর চান আমরা যেন সুবিবেচনা এবং অধ্যবসায়ের সঙ্গে সমস্ত কিছুর সামলাই। যে বিষয়গুলি আমাদের মনে বিরোধীতা করে এবং লোকদের দ্বারা যে সমস্যাগুলি আমাদের কাছে আসে সেই বিষয়গুলিকে আমি এখানে ঝড় নামে অভিহিত করি। ঝড় ওঠার আভাস পেয়ে আমরা যদি নিরাপত্তার ব্যবস্থা না গ্রহণ করি, আমরা ডুবে যেতে পারি। এই কারণেই আমাদের প্রভু যীশু খ্রীষ্ট যোহন ৯:৪ পদে রাত আসার বিষয়ে কথা বলেছেন। প্রভু চেয়েছিলেন রাত আসার আগেই তাঁর কাজ সম্পাদন করতে। তিনি তাই করেছিলেন। আমাদের বিপথগামী করার জন্য শয়তান অপেক্ষা করে বসে আছে (১ পিতর ৫:৮)। আপনার জীবন পূর্ণরূপে ঈশ্বরের নিয়ন্ত্রণের মধ্যে আছে জেনে যে

## বিশেষ ঘোষণা

### আমাদের অবৈতনিক প্রতিনিধি চাই।

আমরা দেখতে পাচ্ছি যে সিংহলা, নেপালী, উর্দু এবং আফ্রিকান ভাষায় মুদ্রিত আমাদের আহ্বানের প্রতিধ্বনি পত্রিকার পাঠক সংখ্যা কমে যাচ্ছে। আমাদের পুরাতন বন্ধুদের হারানোর জন্য এটা হতে পারে এবং সম্ভবতঃ বাসস্থান পরিবর্তনও এর কারণ হতে পারে। পাঠক সংখ্যা বৃদ্ধির উপায়গুলিকে শক্তিশালী করার বিষয়ে আমরা চিন্তা করেছি।

আমাদের প্রচেষ্টা হিসাবে, আমরা আমাদের নেপালী, উর্দু,সিনহলা এবং আফ্রিকান ভাষায় আমাদের পাঠকদের মধ্যে থেকে অবৈতনিক প্রতিনিধি হিসাবে নিম্নলিখিত দায়িত্বে নিয়োজিত করার পরিকল্পনা করেছি:

১। তাদের ভাষায় আরও অধিক পাঠকদের নাম নথিভুক্ত করা।

২। তাদের দেশ/এলাকাগুলির জন্য আরও অধিক কপি ছাপানো এবং সেই কপিগুলি বণ্টন করা। এবং

৩। নতুন ঠিকানা দানে আমাদের সাহায্য করার জন্য এবং আমাদের পত্রিকার ফটোকপি করে সেগুলো বিভিন্ন পরিবার এবং বন্ধুদের কাছে পাঠিয়ে দেওয়ার জন্য আরও অধিক প্রতিনিধিদের সঙ্গে পরিচয় করিয়ে দেওয়া।

RNI NO. 70104/98, Postal Regn. No. TN/CH/(C)/205/21-23 WPP NO. TN/PMG(CCR)/WPP-264/21-23

কোনও চ্যালেঞ্জের সম্মুখীন হন। রাগ করবেন না। দুঃখিত হবেন না। যে কোনও পরিস্থিতিতে ঈশ্বরের প্রশংসা করার চেষ্টা করুন। ঈশ্বরের প্রতিজ্ঞাগুলি পুনরাবৃত্তি করুন। ঈশ্বর আমার সহবর্তী এবং তিনি আমার পক্ষে আছেন। আমি হচ্ছি সেই একজন যে সমস্ত পরিস্থিতিগুলিকে জয় করে। স্বর্গের ঈশ্বর আপনাকে আশীর্ব্বাদ করুন!

************

## OUR BANK DETAILS:

### *1. Bank : State Bank of India*

Branch : **Triplicane, Chennai-5**
Name : **S. Sam Selva Raj**
A/C No. : **1023 2934 679**
IFSC : **SBIN 00 00 249**
SWIFT CODE : **SBI NIN BB 455**

### *2. Bank : ICICI Bank*

Branch : **Anna Salai, Chennai-6**
Name : **Echo of His Call**
A/C No. : **6038 0502 2319**
IFSC : **ICIC 000 6038**

### *3. Bank : State Bank of India*

**(This Account is for Tax Exemption for Indians only )**

Branch : **Triplicane, Chennai-5**
Name : **Echo of His Call Educational Trust**
A/C No. : **1023 2923 805**
IFSC : **SBIN 00 00 249**

**Google Pay: 98410 71858**
**PayPal : SAM SELVA RAJ**
*****
**E.mail : sam@echoofhiscall.org**

# আহ্বানের প্রতিধ্বনি

১৬টি ভাষায় প্রকাশিত মাসিক পত্রিকা, বাইবেল কলেজসমূহ, ডাকযোগে পাঠক্রমগুলি, মণ্ডলী স্থাপন, গ্রামীণ ইংরাজী উচ্চবিদ্যালয়, গসপেল প্রিন্টিং প্রেস, ক্রুশেড, সেমিনার, সামাজিক পরিষেবা, ইত্যাদি।

**বাৎসরিক গ্রাহক মূল্য :** ১০০ টাকা **আজীবন গ্রাহক মূল্য :** ২,০০০ টাকা

আপনাদের মতো ঈশ্বরের সন্তানদের স্বেচ্ছাদত্ত অনুদানের মাধ্যমে আমাদের **আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যাগুলির** এই বহুমুখী কার্যকলাপগুলি পরিচালিত হচ্ছে। ঈশ্বর যেভাবে আপনাকে পরিচালিত করবেন সেইভাবে আপনিও **আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাকে** এবং এর কার্যকলাপগুলিকে সাহায্য করতে পারেন। সুসমাচার অপ্রসারিত এলাকাগুলিতে লোকদের কাছে সুসমাচার পাঠাতে এবং মণ্ডলী স্থাপন করার জন্য আমাদের প্রয়োজন আপনাদের সহৃদয় সাহায্য।

আপনি যদি নিয়মিত আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি পেতে চান, অনুগ্রহ করে আমাদের লিখুন। আপনি যখনই আপনার ঠিকানা অথবা ই-মেইল পরিবর্তন করবেন তখনই অনুগ্রহ করে আপনার পুরাতন এবং নতুন ঠিকানা পাঠিয়ে দেবেন।

তাঁর **আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি** ১৬টি ভাষায় আমাদের ওয়েবসাইটেও পাওয়া যায়। আপনি আমাদের ওয়েবসাইটে গিয়ে পত্রিকাগুলি পাঠ করতে পারেন এবং ডাউনলোড করতে পারেন এবং আশীর্ব্বাদ লাভ করতে পারেন।

আপনার পত্রগুলি, প্রার্থনার অনুরোধগুলি এবং আপনার আর্থিক সাহায্যগুলি (মানি অর্ডার, চেক অথবা ডিমাণ্ড ড্রাফটগুলি, এনইএফটি, পেপাল (Sam Selva Raj, sam@echoofhiscall.org) ফোনপে ( 98410 71858 ), জিপে ( 98410 71858 ), ওয়েস্টার্ন ইউনিয়ন, আহ্বানের প্রতিধ্বনির নামে মানিগ্রাম অনুগ্রহ করে নীচের ঠিকানায় পাঠিয়ে দিতে পারেন।

অনুগ্রহ করে আপনার ল্যাণ্ড ফোন/মোবাইল ফোন নম্বর এবং ই-মেইল ঠিকানা পাঠিয়ে দিন যাতে আমরা আধুনিকীকরণ করতে পারি।

Our address :

**ECHO OF HIS CALL**
10, MOHAMMED ABDULLAH 2ND STREET, CHEPAUK,
CHENNAI - 600 005, INDIA
PH: (+91-44) 2852 8282, 2852 9293, 2854 7766, Cell: (+91) 98410 71852,
95661 31858 / E.mails: sam@echoofhiscall.org / biblecor@yahoo.co.in
Websites: www.echoofhiscall.org / www.stpaulsmatriculation.com

**YOU CAN SEND YOUR DONATIONS BY ONLINE ALSO**

**RNI NO. 70104/98**
**Postal Regn. No. TN/CH/(C)/205/21-23**
**WPP NO. TN/PMG(CCR) / WPP- 264/21-23**
**Date of Publication: Second week of every month**
**Date of Posting : 13th & 14th of every month**
**Posted at "Egmore RMS / 1 Patrika Channel"**
**on 14th** MARCH 2023
**If un-delivered please return to:**
**ECHO OF HIS CALL (BENGALI)**
**P.O. Box No. 2957,**
**Chepauk, Chennai - 600 005, INDIA.**
**Phone: (+ 91- 44) 2852 8282, 2852 9293, 2854 7766**

***JESUS LOVES YOU!***

**To**

*GOD BLESS YOU!*

Owned and published by **S. Sam Selva Raj** from New No. 8 & 10, Old No.18 & 19, Mohammed Abdullah 2nd Street, Chepauk, Chennai-600 005 and printed by **S. Sam Selva Raj** at **Echo of His Call Printers,** New No. 8 & 10, Old No.18 & 19, Mohammed Abdullah 2nd Street, Chepauk, Chennai-600 005. Editor: **S. Sam Selva Raj.**